সমরে আমরা শান্তিতে আমরা, সর্বত্র আমরা দেশের তরে




# দুঃসাহসিক নেতৃত্বের চ্যালেঞ্জ গ্রহণ করুন

## বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশন্ড অফিসার হওয়ার স্বপ্ন পূরণ করুন

৬০তম সরাসরি স্বল্প মেয়াদী কমিশন - আর্মি মেডিক্যাল কোর (এএমসি) - পুরুষ/মহিলা

৫৬তম সরাসরি স্বল্প মেয়াদী কমিশন - আর্মি ডেন্টাল কোর (এডিসি) - পুরুষ

৪০তম সরাসরি স্বল্প মেয়াদী কমিশন - রিমাউন্ট ভেটেরিনারি অ্যান্ড ফার্ম কোর (আরভিঅ্যান্ডএফসি) - পুরুষ

২৭তম সরাসরি স্বল্প মেয়াদী কমিশন - আর্মি এডুকেশন কোর (জাজ এ্যাডভোকেট জেনারেল) - পুরুষ/মহিলা

৩৯তম বিএমএ স্পেশাল কোর্স - ইঞ্জিনিয়ার্স কোর/ সিগন্যালস্ কোর/ ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার কোর (ইএমই)/আর্মি এডুকেশন কোর (এইসি) - পুরুষ/মহিলা

### যোগ্যতাঃ

১। বয়স। ০১ জানুয়ারি ২০১৩ তারিখে অনুর্দ্ধ ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। শারীরিক মান (ন্যূনতম)।

ক। পুরুষ।

(১) উচ্চতা ঃ ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)।
(২) ওজন ঃ ৫০.০০ কেজি (১১০ পাউন্ড)।
উচ্চতা ও বয়স অনুসারে অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে।
(৩) বুক ঃ স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।

খ। মহিলা।

(১) উচ্চতা ঃ ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি)।
(২) ওজন ঃ ৪৬.০০ কেজি (১০০ পাউন্ড)।
উচ্চতা ও বয়স অনুসারে অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে।
(৩) বুক ঃ স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি) প্রসারণ- ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।

৩। শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।

ক। আর্মি মেডিক্যাল কোর - পুরুষ/মহিলা। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রি এবং ইন্টার্ণশিপ সম্পন্নকারী (৩১ ডিসেম্বর ২০১২ তারিখে ইন্টার্ণশিপ সম্পন্নকারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন)।

খ। আর্মি ডেন্টাল কোর - পুরুষ। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বিডিএস ডিগ্রি এবং ইন্টার্ণশিপ সম্পন্নকারী (৩১ ডিসেম্বর ২০১২ তারিখে ইন্টার্ণশিপ সম্পন্নকারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন)।

গ। রিমাউন্ট ভেটেরিনারি অ্যান্ড ফার্ম কোর - পুরুষ। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ডিভিএম অথবা গ্রাজুয়েট ডিভিএম ন্যূনতম দ্বিতীয় শ্রেণী (সিজিপিএ ২.৫)।

ঘ। আর্মি এডুকেশন কোর (জাজ এ্যাডভোকেট জেনারেল) - পুরুষ/মহিলা)। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এলএলবি (সম্মান) এবং এলএলএম উভয় ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী (সিজিপিএ ২.৫)।

ঙ। ইঞ্জিনিয়ার্স কোর - পুরুষ/মহিলা। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ কমপক্ষে ২য় শ্রেণীর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে (সিজিপিএ ২.৫)।

চ। সিগন্যালস্ কোর - পুরুষ/মহিলা। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (পুরুষ) এবং ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (পুরুষ/মহিলা) এ কমপক্ষে ২য় শ্রেণীর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে (সিজিপিএ ২.৫)।

ছ। ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার কোর (ইএমই) - পুরুষ/মহিলা। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং ম্যাটেরিয়াল এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং এ কমপক্ষে ২য় শ্রেণীর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে (সিজিপিএ ২.৫)।

জ। আর্মি এডুকেশন কোর - পুরুষ/মহিলা। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাংলা, ইংরেজী/ফলিত ভাষাতত্ত্ব এবং ইংরেজী ভাষা শিক্ষাদান, আরবী, আন্তর্জাতিক সম্পর্ক/শান্তি ও সংঘাত (যুদ্ধ) বিদ্যা, ইতিহাস/ইসলামের ইতিহাস/প্রত্নতত্ত্ব, অর্থনীতি/হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স/ব্যবসায় প্রশাসন, সাইকোলজি/ক্লিনিক্যাল সাইকোলজি, পদার্থ বিদ্যা/ফলিত পদার্থ বিদ্যা, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেট্রিক্যাল এন্ড ইলেট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, সাংবাদিকতা ও গণযোগাযোগ, গণিত/ফলিত গণিত/পরিসংখ্যান/ফলিত পরিসংখ্যান, রসায়ন/জৈব রসায়ন/ফলিত রসায়ন ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি উভয় ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণী (সিজিপিএ ২.৫)।

বিঃ দ্রঃ সকল ক্ষেত্রে ফলাফল প্রত্যাশি (Appeared) প্রার্থীগণ আবেদনের জন্য অযোগ্য বিবেচিত হবে।

৪। জাতীয়তা। জন্ম/ডোমিসাইল সূত্রে বাংলাদেশী।

৫। বৈবাহিক অবস্থা।

ক। পুরুষ। অবিবাহিত (তালাক প্রাপ্ত ব্যতিত)। ০১ জানুয়ারি ২০১৩ তারিখে ২৬ বছরের উপরে বিবাহিত প্রার্থী আবেদন করতে পারবে। প্রশিক্ষণের জন্য যোগদানের পূর্বে বা পরবর্তীতে যে কোন সময়ে ০১ জানুয়ারি ২০১৩ তারিখে ২৬ বছর পূর্ণ হয়নি এমন প্রশিক্ষণার্থী বা অফিসার বিবাহিত ছিল মর্মে প্রমান পাওয়া গেলে তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ। মহিলা। অবিবাহিতা/বিবাহিতা।

### অযোগ্যতা

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকুরী হতে অপসারিত/বরখাস্ত।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক দুইবার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)। তবে বিএমএ দীর্ঘ মেয়াদী কোর্সের জন্য ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৮। আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত (শুধু উচ্চতা, বুকের মাপ এবং ওজনের ক্ষেত্রে প্রয়োজনীয় মান অর্জিত হলে আবেদন করা যাবে)। তবে অযোগ্য ঘোষিত প্রার্থী পূণরায় যোগ্য ঘোষিত হওয়া ব্যতীত আবেদন করতে পারবে না।

### আবেদনপত্র সংগ্রহ পদ্ধতি

৯। ২৯ জুলাই ২০১২ তারিখ হতে www.joinbangladesharmy.mil.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করা যাবে। এক্ষেত্রে অনলাইন পদ্ধতি সবচেয়ে সহজ এবং ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুস্বরণ করে তাৎক্ষণিক কল আপ লেটার সংগ্রহ করা যাবে। ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করা সম্ভব না হলে আবেদনপত্র প্রাপ্তির জন্য শুধু সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে "সেনাসদর, এজি শাখা, পিএ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস" এর নামে এবং সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস, কর্পোরেট শাখার অনুকূলে প্রদানযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংগ্রহ করতে হবে (পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

১০। উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নিম্নোক্ত আবেদনপত্র প্রাপ্তি স্থানে জমা দিয়ে আবেদন পত্র সংগ্রহ করা যাবে।

### আবেদনপত্র প্রাপ্তির স্থান (অনলাইনে আবেদন সম্ভব না হলে) ঃ

১১। ঢাকা, সাভার (ঢাকা), রাজেন্দ্রপুর (গাজীপুর), বগুড়া, রাজশাহী, কাদিরাবাদ (নাটোর), শহীদ সালাহ্উদ্দিন (ঘাটাইল/টাংগাইল), ময়মনসিংহ, কুমিলা, জালালাবাদ (সিলেট), চট্রগ্রাম, যশোর, জাহানাবাদ (খুলনা), রংপুর এবং সৈয়দপুর (নীলফামারী) সেনানিবাস এর স্টেশন সদর দপ্তর।

১২। সদর দপ্তর রিক্রুটিং ইউনিট (আজিমপুর, ঢাকা) সদর দপ্তর বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (১৬০ কাকরাইল, ঢাকা), জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএসবি) কুষ্টিয়া, বগুড়া, কুমিলা, চট্রগ্রাম, বরিশাল, যশোর, সিলেট, খুলনা, ময়মনসিংহ, নোয়াখালী, দিনাজপুর, ফরিদপুর, জামালপুর, পাবনা, পটুয়াখালী, রংপুর, টাংগাইল, রাজশাহী ও পার্বত্য চট্রগ্রাম (রাজবাড়ী, রাঙ্গামাটি) এর অফিস সমূহ এবং সদর দপ্তর বিএনসিসি ৩২ ঈশা খাঁ এভিনিউ, সেক্টর নম্বর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা)।

১৩। আবেদনপত্র পূরণ ও জমাকরণ। নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করতঃ সরাসরি সেনাবাহিনী সদর দপ্তর এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিষ্টেশন পরিদপ্তর (পিএ-২), ঢাকা সেনানিবাস এর ঠিকানায় প্রেরণ করতে হবে অথবা সেনাসদর, প্রধান ভবনের প্রবেশ গেইটে রক্ষিত বাক্সে অথবা সেনাসদর, প্রশাসনিক শাখার (সিআর সেকশন) এ নির্ধারিত তারিখের মধ্যে জমা করতে হবে। কোনক্রমেই আবেদনপত্র প্রাপ্তিস্থানে জমা করা যাবে না।

### বিশেষ নির্দেশনাঃ

১৪। অনলাইন পদ্ধতি ব্যতিত আবেদনপত্র পূরণের নিয়মাবলী এবং অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য আবেদনপত্রের সংগে প্রদত্ত সাধারণ নির্দেশিকা পড়ুন।

১৫। লিখিত পরীক্ষা আগামী ২১ সেপ্টেম্বর ২০১২ তারিখে ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে (অনলাইন পদ্ধতি ব্যতিত) যোগ্য প্রার্থীদের পত্র মারফত (কলআপ লেটার) অবহিত করা হবে। লিখিত পরীক্ষার ফলাফল অক্টোবর ২০১২ এর ২য় সপ্তাহে বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হবে।

১৬। অনলাইন পদ্ধতি ব্যতিত আবেদন করা সত্ত্বেও লিখিত পরীক্ষার কলআপ লেটার নির্দ্দিষ্ট সময়ে না পেলে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) নিয়ে সরাসরি পরীক্ষা কেন্দ্রে "ইনফরমেশন ডেস্ক" এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

### সুযোগ-সুবিধাঃ

১৭। প্রশিক্ষণ/কমিশন।

ক। আর্মি মেডিক্যাল কোর (এএমসি)। সরাসরি ক্যাপ্টেন পদে কমিশন প্রদান করা হয়।
খ। আর্মি ডেন্টাল কোর (এডিসি)। সরাসরি ক্যাপ্টেন পদে কমিশন প্রদান করা হয়।
গ। রিমাউন্ট ভেটেরিনারি অ্যান্ড ফার্ম কোর। সরাসরি লেফটেন্যান্ট পদে কমিশন প্রদান করা হয়।
ঘ। আর্মি এডুকেশন কোর (জাজ এ্যাডভোকেট জেনারেল বিভাগ)। সরাসরি লেফটেন্যান্ট পদে কমিশন প্রদান করা হয়।
ঙ। ইঞ্জিনিয়ার্স কোর/সিগন্যালস কোর/ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার কোর। কৃতকার্যতার সাথে প্রশিক্ষণ সমাপনান্তে ক্যাপ্টেন পদে কমিশন প্রদান করা হয়।
চ। আর্মি এডুকেশন কোর (এইসি)। কৃতকার্যতার সাথে প্রশিক্ষণ সমাপনান্তে লেফটেন্যান্ট পদে কমিশন প্রদান করা হয়।

১৮। অন্যান্য সুযোগ-সুবিধা।

ক। পশ্চাৎ প্রবীণতা (এ্যান্টিডেট সিনিয়রিটি) সরাসরি স্বল্প মেয়াদী কমিশন (DSSC) কোর্সের অফিসারদের কমিশনের প্রকৃতি অনিয়মিত হতে নিয়মিত হবার পর (এএমসি ব্যতিত) অফিসারগণ পশ্চাৎ প্রবীণতা পাবার অধিকারী হবেন। বিএমএ স্পেশাল কোর্সের জন্য এ শর্ত প্রযোজ্য নয়। পশ্চাৎ প্রবীণতা নিম্নরূপঃ

(১) আর্মি মেডিক্যাল কোর (এএমসি)। ০৩ (তিন) বছর।
(২) আর্মি ডেন্টাল কোর (এডিসি)। ০২ (দুই) বছর ০৬ (ছয়) মাস।
(৩) রিমাউন্ট ভেটেরিনারি অ্যান্ড ফার্ম কোর (আরভিঅ্যান্ডএফসি)। ০১ (এক) বছর।
(৪) ইঞ্জিনিয়ার্স কোর/সিগন্যালস্ কোর/ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার কোর (ইএমই)। ০২ বছর।
(৫) আর্মি এডুকেশন কোর (জাজ এ্যাডভোকেট জেনারেল) ও আর্মি এডুকেশন কোর (এইসি)। ০১ (এক) বছর।

১৯। প্রাপ্ত অন্যান্য সুবিধাদি।

ক। প্রচলিত নিয়মানুযায়ী বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধাদি।
খ। থোক মঞ্জুরী (Lump Sum Grant) আর্মি মেডিক্যাল কোর ও আর্মি ডেন্টাল কোর টাকা ৫৯,১৫০/- (কমিশন প্রাপ্তির পর টাকা ২৯,৫৭৫/- এবং কমিশন নিয়মিত করণের পর টাকা ২৯,৫৭৫/- পাবেন)। ইঞ্জিনিয়ার্স কোর/সিগন্যালস্ কোর/ইলেকট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার কোর (ইএমই) টাকা ৫৯,১৫০/-। আরভিঅ্যান্ডএফসি এবং আর্মি এডুকেশন কোর (জাজ এ্যাডভোকেট জেনারেল বিভাগ) অফিসারদের জন্য কমিশন প্রাপ্তির পর এককালীন টাকা ৪২,২৫০/-।
গ। জাতিসংঘে শান্তিরক্ষী বাহিনীতে যোগদান করে আর্থিক সচ্ছলতা অর্জন ও বিদেশ ভ্রমণের সুযোগ।
ঘ। সেনাবাহিনীতে কৃতিত্বপূর্ণ প্রশিক্ষণ ও কাজের ধারাবাহিকতায় বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চতর শিক্ষার সুযোগ।
ঙ। ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ এবং মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজিতে নিজ সন্তানদের ভর্তির জন্য নির্দ্দিষ্ট কোটা বরাদ্দ রয়েছে।
চ। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন বাসস্থান প্রাপ্তি এবং দেশে বিদেশে উন্নতমানের চিকিৎসা লাভের সুযোগ।

অনলাইনে আবেদন করতে লগ ইন করুনঃ www.joinbangladesharmy.mil.bd আবেদনের শেষ তারিখ ২৩ আগষ্ট ২০১২

বিশেষ দ্রষ্টব্যঃ অন লাইনে আবেদনকারী প্রার্থীগণ টেলিটকে এসএমএস অথবা VISA ও Master Card এর মাধ্যমে আবেদন ফি প্রদান সাপেক্ষে আবেদন করতে পারবেন। অনলাইনে সাথে সাথে কলআপ লেটার পাওয়া যায়।




## বাংলাদেশ সেনাবাহিনী

প্রচারণায়: পরিচালক, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস

বিশেষ তথ্যের জন্য যোগাযোগ করুনঃ
কমিশন তথ্য সেল। তারালাপনীঃ ০২-৮৮৭১২৩৪ বর্ধিত ২৪৮২ অথবা ০২-৮৭৫২৪৯৬ (সরাসরি)
সেনাবাহিনী ওয়েব সাইট www.joinbangladesharmy.mil.bd, আন্তবাহিনী নির্বাচন পর্ষদ ওয়েব সাইট www.issb-bd.org

ISPR/ARMY/2012/1337 GD - 2980